

# ছাতরা পোকা

যার ধানে যত পোকা  
সে তত বেশি বোকা

## ফ্যাঙ্ক শিট : পোকামাকড় ও মেরুদণ্ডী বালাই ব্যবস্থাপনা

শুকনো আবহাওয়া বা খরার সময় এবং যেসব জমিতে পানি দাঁড়ায় না অবস্থায় ছাতরা পোকাকার আক্রমণ দেখা যায়।

পূর্ণবয়স্ক স্ত্রী ছাতরা পোকা ২-৩ মিলিমিটার লম্বা, দেহ নরম এবং গায়ে রঙ গোলাপি। এদের গায়ের ওপর সাদা মোমজাতীয় পদার্থ লাগতে থাকে। এদের কোনো পাখা নেই, তবে পুরুষ পোকাকার দুটো পাখা আছে স্ত্রী পোকা গাছের কাণ্ড ও খোল পাতার মধ্যবর্তী স্থানে মোমজাতীয় পদার্থে কুণ্ডলীতে ডিম পাড়ে। তিন থেকে ছ'ঘণ্টার মধ্যে ডিম ফুটে কিড়া থেকে পূর্ণবয়স্ক ছাতরা পোকায় পরিণত হতে ১২ থেকে ১৮ দিন সময় লাগে অনুকূল আবহাওয়ায় ছাতরা পোকা ১২ থেকে ১৮ দিনে একটি জীবনচক্র শেষ করতে পারে।

### ক্ষতি

- ▶ ছাতরা পোকাকার কিড়া পূর্ণবয়স্ক উভয়েই ফসলের ক্ষতি করে।
- ▶ সব মৌসুমে এর আক্রমণ হতে পারে, তবে আউশ মৌসুমেই এ প্রকোপ বেশি।
- ▶ পূর্ণবয়স্ক পোকা কিড়া গাছের কাণ্ড ও খোল পাতায় মোমজাতীয় পদার্থের মধ্যে একসঙ্গে অনেক সংখ্যায় থাকে এবং গাছের রস শুঁখায়। ফলে গাছ খাটো এবং পাতা হলদে হয়ে যায়। আক্রমণ তীব্র হলে ধানগাছ থেকে শীষ বের হয় না। ধানক্ষেতের বিভিন্ন জায়গায় এতে বিক্ষিপ্ত আক্রমণ দেখা যায় এবং আক্রান্ত গাছগুলো বসে গেছে বলে মনে হয়।

### দমন ব্যবস্থাপনা

- ▶ আক্রান্ত গাছ উপড়িয়ে মাটিতে পুঁতে বা আগুনে পুড়িয়ে নষ্ট করে ফেলা সম্পূর্ণ ক্ষেতের পরিবর্তে শুধু আক্রান্ত জায়গায় ভালো করে কীটনাশক ছিটালে দমন খরচ অনেক কমে যাবে।



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

আরো তথ্যের জন্য :

ড. মাইনুল হক, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান, কীটতত্ত্ব বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট  
গাজীপুর ১৭০১, ই-মেইল : [brrihq@bdonline.com](mailto:brrihq@bdonline.com)

অধিবেশন ২ : মডিউল ৮  
ফ্যাঙ্ক শিট ১১

আমন ধান উৎপাদন প্রশিক্ষণ মডিউল

সহযোগিতায় : FoSHoL প্রকল্প, অর্থায়নে : EC এবং IRR